রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, নভেম্বর ১১, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ]**

**বিশেষ আদেশ**

তারিখ : ২৩ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ /০৮ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : **পায়রা বন্দরের "রাবানাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং" শীর্ষক জাতীয় অগ্রাধিকার প্রকল্পে (পিপিপি প্রকল্প) Dredging এবং Sub-Contractor এর অনুকূলে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।**

**নং-২১/মূসক/২০২০**—যেহেতু, নির্মাণাধীন পায়রা বন্দর দেশের একটি গুরুত্বপূর্ণ সমুদ্র বন্দর এবং সরকারের Fast Track ভুক্ত প্রতিষ্ঠান এবং পায়রা বন্দরকে একটি গভীর সমুদ্র বন্দরে রূপান্তর করিতে হইলে ড্রেজিং এর মাধ্যমে রাবানাবাদ চ্যানেলকে কমপক্ষে ১০.৫ মিটার ড্রাফটের জাহাজ চলাচল উপযোগী করা আবশ্যক। সেই লক্ষ্যে পিপিপি ভিত্তিতে ক্যাপিটাল এন্ড মেইনটেনেন্স ড্রেজিং সম্পাদনের জন্য বেলজিয়ামভিত্তিক কোম্পানী Jan De Nul এর পক্ষে Payra Dredging Company Limited (PDCL) এবং বাংলাদেশ সরকারের পক্ষে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন পায়রা বন্দর কর্তৃপক্ষের মধ্যে চুক্তি সম্পাদিত হইয়াছে; এবং

যেহেতু, পিপিপি চুক্তির আওতায় পায়রা বন্দরের ক্যাপিটাল এন্ড মেইনটেনেন্স ড্রেজিং কাজ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান Payra Dredging Company Limited (PDCL) এবং এর Sub-Contractor এবং ড্রেজিং কাজ সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহকারী দেশীয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়টি ফাস্ট ট্র্যাকভুক্ত এই প্রকল্পের জন্য বিবেচনা করা যায়;



মূল্য : টাকা ৪.০০

যেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, পিপিপি চুক্তির আওতায় পায়রা বন্দরের ক্যাপিটাল এন্ড মেইনটেনেন্স ড্রেজিং কাজ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান Payra Dredging Company Limited (PDCL) এবং এর Sub-Contractor এবং ড্রেজিং কাজ সংশ্লিষ্ট পণ্য ও সেবা সরবরাহকারী দেশীয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্‌দ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**কাজী রেজাউল হাসান**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd